# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৬২

তারিখঃ ১০ ভাদ্র ১৪৩১ / ২৫ আগষ্ট ২০২৪

# "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের আগষ্ট ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ২৯-০৮-২০২৪ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১১:৩০ টায় উপজেলা পরিষদ সভা কক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।

২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও

৩। বিবিধ।

২৫/০৮/২০২৪

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ : কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ..................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ..............................................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৬২

তারিখঃ ১০ ভাদ্র ১৪৩১ / ২৫ আগষ্ট ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

২। অফিস কপি।

(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনের স্বাক্ষর :

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি. →

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. →

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. →

৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. →

৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. → ২৯-৮ ০-২৪

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. → ২৯/৮/২৪

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. →

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. →

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. →

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. →

তারিখ: ২৭-০৮-২০২৪ খ্রি:
সময়: ১১-৩০ টা।

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | ডা: মো: আব্দুর রহমান সেখ, RMO | [signature] |
| ২. | এস এম রফিকুল ইসলাম USSO | [signature] |
| ৩. | লায়লা আরজুমান বেগম, উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ৪. | মোছা: জিন্নাতারা ইয়াছমিন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] |
| ৫ | গোলাম মোস্তফা : প্রাণিসম্পদ অধিদপ্তর | [signature] |
| ৬ | মো. সাজিদ সুলতান (ইউ.আই) আনসার ও ভিডিপি | [signature] |
| ৭। | জ্যোতিষ চন্দ্র রায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | [signature] |
| ৮। | এস.এম. জসীম উদ্দিন, ইউডিসিও - বি আর ডি বি | [signature] |
| ৯। | মো: লতিফুর রহমান, UFPO, পীরগঞ্জ | [signature] |
| ১০। | মোছা: ফরিদা ইয়াসমীন OCLSD পীরগঞ্জ | [signature] |
| ১১। | মো: রেজাউল ইসলাম, UHS, USEO | [signature] ২৭/০৮/২৪ |
| ১২। | মো: আবুল কালাম উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | [signature] ২৭/০৮/২৪ |
| ১৩. | মো: মেহেদী হাসান, SAE, DPHE | [signature] |
| ১৪. | সুমিত্র গুপ্ত, আইসিটি অফিসার | [signature] |
| ১৫. | মো: হাবিবুল ইসলাম, UEO, পীর | [signature] |
| ১৬. | উপজেলা প্রকৌশলীর কার্যালয় UE | [signature] |
| ১৭. | মো: জাহাঙ্গীর আলম, P.I.O | [signature] |
| ১৮ | মো: রাকিব হোসেন (URDO) | [signature] |
| ১৯ | মির্জা মনোয়ার হোসেন. U.Y.D.O | [signature] |
| ২০. | মো: খালেদ মোশারফ, SUFO | [signature] ২৭.০৮.২৪ |
| ২১. | মোছা: মুন্নি আক্তার, TSK | [signature] 27/08/24 |
| 22 | ডা: রনজিৎ চন্দ্র সিংহ, ULO | [signature] |
| ২৩. | মো: আসাদুজ্জামান, উপজেলা নির্বাচন অফিসার | [signature] |
| ২৪. | আলমগীর মো: রুহুল ইসলাম, সহকারী প্রকৌশলী, বিএডিসি | [signature] |
| ২৫। | মোছা. ফারহানা পারভীন, সহকারি পরিদর্শক, উ.স.কা. | [signature] |

## উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র আগষ্ট ২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ রমিজ আলম
প্রশাসক, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ২৯-০৮-২০২৪ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১১:৩০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, গত ২২-০৮-২০২৪ খ্রিঃ তারিখে উপজেলা বাসাবাড়ি বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপজেলা কোয়ার্টারে বাসাবাড়ি বরাদ্দ নেওয়া সকলের বাড়ি ভাড়া ও বিদ্যুৎ বিল পরিশোধের কাগজ/রশিদ দেখা হয়। দেখা যায় যে, অনেকের বাড়ি ভাড়া ও বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট সকলে বাড়ি ভাড়া ও বিদ্যুৎ বিল পরিশোধে একমত পোষণ করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বাড়িভাড়া ও বিদ্যুৎ বিল যাদের বকেয়া রয়েছে তাদেরকে তা পরিশোধ করার জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা প্রকৌশলী পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,২২৯ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,২৬১ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,৬৭৫ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৫৪ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৫১০ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১০৮ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৮ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। | হাসপাতাল দালালমুক্তসহ ও বিভিন্ন রকম ওষুধ কোম্পানীর প্রতিনিধিকে নিরুৎসাহিত করণের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ ঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫১,৫৫২ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,৮৯৭ জন, (৩) খাবার বড়ি - ২৩,৫৪৫ জন (৪) কনডম- ২,২০১ জন (৫) ইনজেকটেবলস্ (ভায়াল)- ৭,৭৫৯ (৬) আইইউডি- ০৯ (৭) ইমপ্ল্যানন- ৫৯ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০২ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৭,৪০৪ জন (১১) ডেলিভারী (নতুন)- ১২ (১২) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.৩৩% (১৩) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলায় রবি মৌসুমে ২০২৪-২৫ অর্থ বছররে খরিপ-২ মৌসুমে ফসলের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মাঠ পর্যায়ে কৃষি বিভাগ এর উপসহকারী কৃষি অফিসারগণ উঠান বৈঠক ও লিফলেট বিতরণ এবং পরামর্শ প্রদান করে যাচ্ছে। খরিপ-২ মৌসুমে মাস কালাই ও গ্রীস্মকালীন পেঁয়াজ প্রণোদনা আওতায় পীরগঞ্জ উপজেলায় মাসকালাইন ২৫০ জন ও গ্রীস্মকালীন পেঁয়াজ ১৩০ জনচাষীর বরাদ্দ পাওয়া গেছে। ইতমধ্যে ১৬০ টি গ্রীস্মকালীন পেঁয়াজ চাষীর মধ্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। বাকি মাসকালাইন ২৫০ জন ও গ্রীস্মকালীন পেঁয়াজ ১৩০ জন চাষীর বরাদ্দ বিএডিসি হতে বীজ ও সার প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। কৃষক তালিকার কার্যক্রম চলমান আছে। এডিপি হতে উপ-প্রকল্পে রবরাদ্দ নেয়ার অনুরোধ করা হলো।<br>উল্লেখ্য যে, সার ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা ও মনিটরিং এর লক্ষ্যে উপজেলার সকল কৃষকের মাটির স্বাস্থ্য সুরক্ষা কার্ড প্রদান করা হয়। প্রথমিক পর্যায়ে ২০,০০০ টি কার্ড ইউনিয়ন পর্য্যায়ে সংশ্লিষ্ঠ উপসহকারী কৃষি আফিসার এর মাধ্যমে বিতরণ করা হয়। প্রতি ইউনিয়নে কার্ড বিতরণ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিম্ন-বর্ণিত কার্যাবলী সম্পাদিত হয়েছে।<br>১। কৃত্রিম প্রজনন কার্যক্রম ঃ ১১৯৯<br>২। গবাদি পশুর টিকা প্রদান ঃ ৫৪৬৪<br>৩। হাঁস- মুরগীর টিকা প্রদান ঃ ৬৬০০০<br>৪। গবাদি পশুর চিকিৎসা প্রদান ঃ ৩২৩০<br>৫। হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান ঃ ১৩০০০<br>৬। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনা ঃ ১ টি<br>৭। উঠান বৈঠক আয়োজন সংখ্যা ঃ ৬ টি<br>৮। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন ঃ ১০ টি<br>এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ** | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগস্ট ২০২৪ খ্রি: মাসে ২০ (বিশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৬ (ছয়) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। তিনি আরও জানান যে, রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন প্রযুক্তি প্যাকেজ শিরোনামে প্রশিক্ষণ খাতে (০৩ ব্যাচ) বরাদ্দ পাওয়া গেছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মাছ চাষিগণ নিম্ম স্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বিল ও অন্যান্য জলাশয়ে জলাবদ্ধতা নিরসন কার্যক্রমে সংশ্লিষ্ট জলাশয়ের মাছ ও অন্যান্য জীববৈচিত্র্যে রক্ষার্থে মৎস্য ও জীববৈচিত্র্য বিশেষজ্ঞের পরামর্শ/মতামত নেয়ার জন্য অনুরোধ করা হয়। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল/অবকাঠামো (Fixed Engine) অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, পিবিজিএসআই স্কীমের আওতায় অত্র উপজেলার কলেজ, মাদ্রাসা, বিদ্যালয় ও কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কারের অর্থ স্থানীয় অগ্রণী ব্যাংক পিএলসি এর স্ব স্ব একাউন্ট থেকে উত্তোলনের পরামর্শ দেওয়া হয়েছে। ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের প্রতিষ্ঠান প্রধান/সহকারি শিক্ষক কর্তৃক শিক্ষার্থীদের পূরণকৃত ইউনিক আইডি এর প্রাপ্ত পারিশ্রমিক বিতরণের কাজ চলমান রয়েছে। বন্যায় দুর্গত এলাকার জনগণকে সহযোগিতার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সকল শিক্ষক-কর্মচারীর ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমান অর্থ প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে জরুরী ভিত্তিতে জমা প্রদানের নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, পূর্বের নিদের্শনা মোতাবেক গত ২৭-০৮-২০২৪ খ্রিঃ তারিখ হতে দ্বিতীয় প্রান্তিক মূল্যায়ন শুরু হয়েছে। নতুন কারিকুলাম অনুযায়ী ১ম হতে ৩য় শ্রেনি পর্যন্ত ধারাবাহিক মূল্যায়ন এবং ৪র্থ ও ৫ম শ্রেণি পর্যন্ত সামষ্টিক মূল্যায়ন চলমান রয়েছে। নিদের্শনা মোতাবেক প্রমাপ অনুযায়ী বিদ্যালয়গুলোর পরিদর্শন চলমান। প্রতিমাসে সহকারী উপজেলা শিক্ষা অফিসার ১০ টি এবং উপজেলা শিক্ষা অফিসারের ০৫ টি বিদ্যালয় পরিদর্শনের নির্দেশনা আছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার শিক্ষক ও শিক্ষার্থী উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। বিদ্যালয়গুলোর নব গঠিত এসএমসি কার্যক্রম বাতিল করা হয়েছে। এডহক কমিটি গঠনের কার্যক্রম চলমান। বিদ্যালয়গুলোর আইন-শৃঙ্খলা পরিবেশ ভালো রাখার জন্য বিদ্যালয়ের শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | দ্বিতীয় প্রান্তিক মূল্যায়নসহ সামষ্টিক মূল্যায়ন ও নিদের্শনা মোতাবেক প্রমাপ অনুযায়ী বিদ্যালয়গুলোর পরিদর্শনে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ভাতা কর্মসূচির কার্যক্রমগুলি চরমান রয়েছে। ইউনিয়নসমূহে ভাতাভোগীদের Verification কার্যক্রম চলমান রয়েছে। আগামী কিস্তিতে Live Verification সমাপ্তির পর ভাতাসমূহের পে রোল প্রদান করা হবে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>**পীরগঞ্জ :**<br>চাল আমন ২০২৩-২৪: ১৮৮৯.৮০৫ মে:টন, চাল বোরো ২৪: ৩৮৪৪.৬৯০ মে:টন, ফলিত: ৬৫.০০০ মে:টন। সর্বমোট চাল ৫৭৯৯.৪৯৫ মে: টন, গম আমদানিকৃত ৫৯.০৮৬ মে:টন, ধান বোরো ২৪: ৫৭৭.০৪৭ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৪২,২৮৬ খানা।<br>**ভোমরাদহ :**<br>চাল আমন ২০২৩-২৪: ৯১.৯৩৮ মে:টন, চাল বোরো ২০২৪: ৭৫৪.২৬০ মে:টন সর্বমোট চাল ৮৪৬.১৯৯ মে: টন, ধান বোরো ২০২৪: ৩৬১.০০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ২,৩২৪ খানা।<br>এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>**১) ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন। জুলাই ২০২৪ এবং আগস্ট ২০২৪ মাসে ডিও প্রদান করা হয়নি । বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ডিও প্রদান করা হবে।<br>**২) মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৪-২০২৫ অর্থবছরে "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির বরাদ্দ পাওয়া যায়নি।<br>**৩) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :** মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় মোট ৩২১ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৭৪%। ২০২২-২০২৩ অর্থবছরে ১০ জন ঋণ গ্রহিতাকে ৪,২০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। ঋণ আদায়ের হার ১০০%। ২০২৩-২০২৪ অর্থবছরে ০৮ জন ঋণ গ্রহিতাকে ২,৮৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে।<br>**৪) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** "আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী" ট্রেডে জুলাই/২৪ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**৫) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প :** অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪র্থ (চতুর্থ) ব্যাচে নতুন ক্লাব সদস্য ভর্তি করা হয়েছে। প্রতি ক্লাব সদস্যদের ৩০ টাকা হারে পুষ্টিকর/ স্বাস্থ্যসম্মত নাস্তা সরবরাহ করা হচ্ছে।<br>**৬) উঠান বৈঠক/আলোচনা সভা :** যৌতুক, বাল্যবিবাহ, মানবপাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারি প্রকৌশলী সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।<br>১. ৫ম ধাপে মুজিব- ১০০ প্রকল্প থেকে ২০ টি অগভীর তারা নলকূপ স্থাপন কাজ এর স্থান নির্বাচন প্রসঙ্গে।<br>২. PSWSC প্রকল্প থেকে ০৯ টি কমিউনিটি বেসড ওয়াটার সাপ্লাই স্কিমের পানির উৎস স্থাপন কাজ এর স্থান নির্বাচন প্রসঙ্গে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td>
<td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>
<table>
<tr><td>মোটা ঋণ তহবিল</td><td>১৫৬৮৮৮৫০/-</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে ঋণ বিতরণ</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে আদায়</td><td>১৬৫৬২০/-</td></tr>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে ঋণীর সংখ্যা</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>০</td></tr>
<tr><td>চলতি অর্থবছরে আত্নকর্মি</td><td>০৬ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬২৭৯২৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য</td><td>১৬০০৬৪০০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৭৬৯২৪৯৭/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণীর সংখ্যা</td><td>২৯৫৬৬ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯৮৬৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৮৩৮ জন</td></tr>
</table>
এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>
১। ০৬ (ছয়) টি অস্থায়ী ফসলের হিসাব নিরুপন।<br>
২। ০৫ (পাঁচ) টি স্থায়ী ফসলের হিসাব নিরুপন।<br>
৩। ১০ (দশ) টি আউশ ফসলের নমুনা কর্তণ তালিকা প্রস্তুত।<br>
৪। আউশ ও পাট ফসলের পূবাভাস জরিপ তফসিল- ১০ (অংশ- ২)<br>
৫। মৎস্য উৎপাদন জরিপ হিসাব নিরুপন।<br>
৬। গবাদি পশু ও হাঁস-মুরগী প্রাক্কলন জরিপ হিসাব নিরুপন।<br>
৭। অর্থনৈতিক শুমারী- ২৩ উপজেলার সকল খানান ও প্রতিষ্ঠান তালিকাকরণ চলমান।<br>
৮। সমগ্র উপজেলায় ১০ (দশ) জন কৃষক অথবা কৃষি দিন মজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে মাসিক কৃষি মজুরীর হার নিরুপন।<br>
এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫৭.২৩</td><td>-</td><td>১২৬.৪০</td><td>১৪০.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬৯.২১</td><td>-</td><td>৬০.৮৪</td><td>৪৬.১৬</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৪৭.৭৯</td><td>-</td><td>২১০.৩৬</td><td>২০৪.২০</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন (ভারপ্রাপ্ত) কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **এসএফপিসি, পীরগঞ্জ।** |
| ১৯ | **উপজেলা বরেন্দ্র বিভাগ** | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, বর্তমানে মোট ২৭১ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপ ২১৮ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ১৬ টি। বিএমডিএ এর সেচের আওতায় আমন ধান ও শাক-সবজিসহ বিভিন্ন ফসল রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ১০,৪৫০টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় বাস্তবায়নাধিন প্রকল্পটির অন্যান্য কার্যক্রমের মধ্যে চারটি সরকারী পুকুর খননের কাজ চলমান রয়েছে এবং দুইটির কাজ শেষ হয়েছে। সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় আরও জানান যে, জাবরহাট ইউনিয়নের পাঁচটি বিলের জলাবদ্ধতা দূরীকরন পূর্বক বিলগুলিকে আবাদের আওতায় আনার জন্য প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয় বরাবরে পাঠানো হয়েছে। অ-গভীর নলকূপ স্থাপনের জন্য ২০২৩-২৪ অর্থ বছরের জুন/২৪ মাস পর্যন্ত মোট ৬৪ (চৌষট্রি) টি আবেদন পাওয়া গিয়েছে। এর মধ্যে মাঠ পর্যায়ে যাচাই-বাছাই শেষে ৫২ (বাহান্ন) টি আবেদন সঠিক পাওয়ায় উপজেলা সেচ কমিটি কর্তৃক লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তিনি আরও জানান যে, উপজেলা সেচ কমিটির কার্যক্রম পরিচালনার জন্য মনোহারী মালামাল যেমন লাইসেন্স পেপার, কলম, ফাইল, অফসেট পেপার ও কালার প্রিন্টার ক্রয় করাসহ পরিদর্শন কাজের জন্য ভ্রমনভাতা ও সেচ কমিটির সদস্যদের সম্মানি ভাতা প্রদান করার ব্যয় নির্বাহের জন্য মোট ৪১,৭০০/- উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা সেচ কমিটির কার্যক্রম পরিচালনা বাবদ ব্যয় অনুমোদন করা হলো। | **সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ২১ | **পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ** | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, পীরগঞ্জ জোনাল অফিসের আওতায় সকল ধরনের আবেদন গ্রহণ করা হচ্ছে এবং নিয়মানুযায়ী বিদ্যুৎ সংযোগ কার্যক্রম চলমান রয়েছে। সার্ভিস ড্রপ তার আবাসিক ও বাণিজ্যিক এর জন্য বর্তমানে অফিসে না | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | **ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | থাকার জন্য সংযোগ প্রদানে জটিলতা হচ্ছিল। তবে, বিআরইবি হতে গ্রাহক কর্তৃক ক্রয় করে নিয়ে আসা সাপেক্ষে সংযোগ প্রদান চলমান রয়েছে। তবে, উক্ত সার্ভিস ড্রপের মুল্য বিআরইবি এর নির্দেশনা অনুযায়ী ফেরত প্রদান করা হবে। বিদ্যুৎ উৎপাদন জনিত কারণে কিছুটা লোড শেডিং হচ্ছে। অতি শীঘ্রই স্বাভাবিক হয়ে যাবে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ২২ | **উপজেলা আইসিটি বিভাগ** | উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, SET Centre (উপজেলা আইসিটি অফিস) নির্মাণ কাজ সময়ের সাথে দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে বলে উল্লেখ করেন। নারী ফ্রিল্যান্সিং, ওয়েব ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং প্রশিক্ষণ ব্যাচের ২০ জন করে মোট ৮০ জন প্রশিক্ষণার্থীকে ল্যাপটপ প্রদান করা হয়েছে। তাদের প্রশিক্ষণ চলমান রয়েছে। প্রতি ব্যাচ ৫০ তম ক্লাশ শেষ করেছে। মোট ১৩২ দিনব্যাপী ক্লাশ কার্যক্রম চলবে। অপর দিকে "নারী আইটি সেবা প্রদানকারী" বিষয়ক প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মোট ৪৪০ টি অনলাইন আবেদন পাওয়া গেছে। লিখিত ও ভাইবা পরীক্ষার মাধ্যমে যোগ্য ৮০ জন উক্ত প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবেন। প্রশিক্ষণার্থী বাছাই প্রক্রিয়া শীঘ্রই শুরু করা হবে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কাযর্ক্রম স্বাভাবিক চলছে বলে উল্লেখ করা হয়। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | **উপজেলা আইসিটি অফিসার, পীরগঞ্জ।** |
| ২৩ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ** | ইউডিএফ সভায় জানান যে, ইউজিডিপি'র ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কার্যক্রম সমাপ্ত হয়েছে। বিধি মোতাবেক কার্য সমাপ্তির পর ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। বর্তমানে সমাপ্ত কার্যক্রমের মাঠ পর্যায়ে মনিটরিং করা হচ্ছে। এছাড়াও কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | **ইউডিএফ পীরগঞ্জ।** |
| ২৪ | **তথ্যসেবা কেন্দ্র** | তথ্যসেবা আপা সভায় জানান যে, ডোর টু ডোর ৪৯৭ জন সেবা গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রে মোট সেবার সংখ্যা ৩২ জন। উঠান বৈঠকে মোট সেবা গ্রহীতা নিবন্ধন অনুসারে ১৫০ জন। মোট ৭২৯ জন। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা তথ্যসেবা আপা, পীরগঞ্জ।** |

সভাপতি প্রশাসক, উপজেলা পরিষদ সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারি বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৮/২০২৪
(মোঃ রমিজ আলম)
প্রশাসক
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৪-৬৪(৫০)

তারিখঃ ১৪ ভাদ্র ১৪৩১ / ২৯ আগষ্ট ২০২৪

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা......................................................... (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,............................................ (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,...................................................।

২৯/০৮/২০২৪
(মোঃ রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।